দৈনিক সংবাদ

তারিখ 04 MAR 1986
পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষক ধর্মঘট

আচলাবস্থা নিরসনের কোন উদ্যোগ নেই

(নিজস্ব বার্তা পরিবেশক)

বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকরা বুধ দফা দাবী আদায়ের লক্ষ্যে তাদের ধর্মঘট অব্যাহত রেখেছেন। গতকাল ধর্মঘটের দশম দিনেও অচলাবস্থা নিরসনের জন্য সরকারের সঙ্গে আলোচনা করার আহ্বান জানানো হয়নি। অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবীতে গতকাল রাজধানীসহ সারাদেশে ছাত্র ও অভিভাবকগণ বিক্ষোভ মিছিলের মাধ্যমে করেন। ধর্মঘটী শিক্ষকরা আজ মঙ্গলবার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে অনুষ্ঠেয় এক জনসভা

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

সরকার এ বছরের এম এস সি পরীক্ষার্থীদেরকে গতকাল সোমবার এবং আজ নিজ নিজ স্কুল থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে বলেছিলেন। কিন্তু ছিলিত গতকাল সকাল সিলেট্স্থী ছাই স্কুলের কয়েকজন পরীক্ষার্থীকে প্রবেশপত্র না পেয়ে ফিরে আসতে দেখা গেছে। —পাবনা

গ্রেফতারকৃত শিক্ষক শিক্ষিকাদের ৩ক মাসের আটকাদেশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

গ্রেফতারকৃত ২৬ জন মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাকে গতকাল সোমবার ৩ক মাসের আটকাদেশ দেয়া হয়েছে। ঢাকা জেলা জেলা ও দায়রা জজের আদালতে ফৌজদারী বুক্তিমালা সকাল পাঠানোর। গতকাল সোমবার সারাদেশে মাধ্যমিক স্কুলে ও দায়রা জজ উক্ত ২৬ জন শিক্ষক-শিক্ষিকার জামিন মঞ্জুর করেন।

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

ধর্মঘটী শিক্ষকদের সমর্থনে আইনজীবীদের আদালত বর্জনের সিদ্ধান্ত

(আদালত বার্তা পরিবেশক)

গতকাল সোমবার থেকে পুরো সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি বিনাব্যতিক্রমে অনুষ্ঠিত আইন জীবীদের এক সাধারণ সভায় প্রেফতারকৃত সকল মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের অবিলম্বে নিঃশর্ত মুক্তি দিয়ে এবং তাদের দু'দফা দাবী মেনে নিয়ে পরি-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

পরীক্ষা স্থগিত ঘোষণার প্রতিবাদে ডিসির অফিস তছনছ

(নিজস্বিবার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৫ সালের থেকে পর্ব মাঠের দ্বিতীয় (সম্মান) কোর্সের পরীক্ষা হঠাৎ করে স্থগিত ঘোষণা করে ছাত্রদের অনুপস্থিতি সিটিকেই পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ভার প্রাপ্ত উপাচার্য এবং পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসকক্ষ ভেঙেচুরে তছনছ করেছে।

আজ, আগামীকাল এবং আগামী পরশু অন্যকোন এই পরীক্ষাগুলো গত রোববার হঠাৎ করে স্থগিত ঘোষণা করা হয়। তাদিনে অনুপস্থিত সিটিকেই সভায় সিদ্ধান্তটি নেয়া হয়েছে বলে জানা গেছে। এর প্রতিবাদে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা গতকাল সোমবার বিছিন্ন করে বিশ্ববিদ্যা-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

এসএসসি পরীক্ষার জন্য নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে

৬ই মার্চ ১৯৮৬ থেকে অনুষ্ঠিতব্য এম এস সি পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি জেলা সদরে এবং প্রতিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তরের একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ-

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

অধ্যায় : ৮

আদালত বর্জনের সিদ্ধান্ত

(১ম পাতার পর)

স্থিতি অব্যাহতির আবেদন জানান হয়।

সভায় শিক্ষকদের দাবীর প্রতি পূর্ণ সংহতি জানানোর উদ্দেশ্যে আগামী বৃহস্পতিবার আদালত বর্জনের সিদ্ধান্ত নেয়া হয় এবং রাজধানীর আইনজীবীদের প্রতি আদালত বর্জনের জন্য অনুরোধ করা হয়।

সমিতির সভাপতি জনাব শামসুল হক চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তারা শিক্ষকদের গ্রেফতার, তাদের ওপর স্বৈরনীতি চালানো এবং ধর্মঘটের দাবী আদায়ের জন্য ধর্মঘটের ওপর এই দমননীতি চালানো হচ্ছে বলে গভীরভাবে উদ্বেগ এবং সকল প্রকার ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াবার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।

সভায় বক্তারা এক প্রস্তাবে দেশী ও আন্তর্জাতিক নীতিমালা লঙ্ঘন করে কিশোর নেলিকে মানবিক আদালতের বিচারে মৃত্যুদন্ড দেয়ার ও কার্যকর করার গভীর ক্ষোভ প্রকাশ করা হয়।

সভায় অন্যদের মধ্যে বক্তব্য করেন জনাব আবিনুল হক, জী মুহাম্মদ শেখর হালদার, জনাব শওকত আলী খান, জনাব মোহাম্মদ ইয়ামিন, জনাব আনীসুজ্জামান চৌধুরী প্রমুখ আইনজীবী।

জাতীয় আইনজীবী সমিতি

বাংলাদেশ জাতীয় আইনজীবী সমিতির সভাপতি জনাব শাহ বশিরুজ্জামান এক বিবৃতিতে প্রেফতারকৃত সকল মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকাদের অবিলম্বে মুক্তিদানের দাবী জানিয়েছেন এবং আজ শহীদ মিনারে আহুত শিক্ষক-কর্মচারীদের সমাবেশের প্রতি একাত্মতা ঘোষণা করেন।

আইনজীবী সমগ্র পরিষদ

বাংলাদেশ আইনজীবী সমিতি সমূহের সমগ্র পরিষদের কেন্দ্রীয় কমিটির এক বৈঠক সভা আগামী শুক্রবার লঞ্চার মাঠে ৯ টায় হবীবী কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। সভায় পরিষদের সকল সদস্যসহ দেশের সকল আইনজীবী সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।

দৈনিক সংবাদ

তারিখ 04 MAR 1986
পৃষ্ঠা ... কলাম ...

নিরসনের উদ্যোগ নেই

(১ম পাতার পর)

হয়েছে তাদের আন্দোলনের প্রেক্ষাপটে করণীয় ঘোষণা করবেন। সরাসরিভাবে শিক্ষাঙ্গনের অবস্থান ধর্মঘট করা হবে।

ধর্মঘটী শিক্ষকরা প্রবেশপত্র ডেলিভারী না দেয়ায় গতকাল বেসরকারী স্কুলগুলোতে এসএসসি পরীক্ষার প্রবেশপত্র বিতরণ করা হয়নি। অনেক পরীক্ষা র্থী স্কুলে গিয়ে প্রবেশপত্র না পেয়ে ফেরত আসেন। গতকাল ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান উদ্ভূত পরিস্থিতিতে প্রবেশপত্র বিতরণের বিকল্প ব্যবস্থা নেয়ার জন্য এক জরুরী বৈঠকে মিলিত হন। বৈঠকে সিদ্ধান্ত নেয়া হয়, পরীক্ষার্থীদের অভিভাবকেরা বোর্ড থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। এছাড়া পরীক্ষার্থীরাও একই উপায়ে পরীক্ষা কেন্দ্র থেকে তাদের প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র বিতরণের সময় স্কুলগুলোর কাজ থেকে যে ফী আদায় করা হয়, পরবর্তীকালে তা আদায়ের ব্যবস্থা নেয়া হবে।

গতকাল রাতে শিক্ষক সমন্বয় পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি জনাব বোরহানের আলম এই বার্তা পরিবেশককে কাছে আলোচনা স্থগাদের রাখার প্রস্তাব ব্যক্ত করেছেন। তিনি বলেন, আরো দুই দফা দিন, এখন প্রেফতারকৃত শিক্ষকদের নিঃশর্ত মুক্তির দাবী ঘোষণা করেছেন তাদের দুই দফা তিন দফায় পরিণত হয়েছে। তিনি বলেন, সরকার যদি এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করতে পারেন, তাহলে ধর্মঘটী শিক্ষকরা তাতে কোন বাধা দেবেন না।

ধর্মঘটী মাধ্যমিক স্কুলের শিক্ষকেরা গুরুবার সন্ধ্যায় ১৫ দফীর নেতৃবৃন্দের সঙ্গে আলোচনায় মিলিত হন। আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। আলোচনায় স্পষ্ট কোন সিদ্ধান্ত নেয়া হয়নি। আজ সকালে ধর্মঘটী শিক্ষকেরা তাদের পরবর্তী কর্মসূচী ঘোষণা করবে অবস্থার প্রেক্ষাপটে পনের দলীয় নেতৃবৃন্দ তাদের সিদ্ধান্ত জানাবেন বলে জানা গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জানিয়েছেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গতকাল সন্ধ্যায় এক বৈঠকে গৃহীত প্রস্তাবে বেসরকারী মাধ্যমিক স্কুলের শিক্ষকদের ন্যায়সঙ্গত ন্যায়বোধে উদ্বেগ প্রকাশ করে ধর্মঘটী শিক্ষকদের দাবী মেনে নেয়ার আহ্বান জানিয়েছেন। প্রস্তাবে বলা হয়, একজাতি একভাবেই মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হতে পারে এবং দেশের কয়েক লক্ষ ছাত্রছাত্রী ও অভিভাবকবৃন্দ বর্তমান অনিশ্চয়তা থেকে মুক্তি পেতে পারেন।

কে এম খুরশীদ স্কুলের ছাত্র ও অভিভাবকেরা শিক্ষকদের মুক্তির প্রেফতারকৃত শিক্ষকদের মুক্তির দাবীতে মানববন্ধনীতে এক বিক্ষোভ মিছিল বের করেন।

এন এ পি র অব্যাহতকৃত নৈয়ন আলতাফ হোসেন, বীর হাবিবুর রহমান ও চৌধুরী হারুনর রশীদ এক বিবৃতিতে শিক্ষক সমিতির নেতৃবৃন্দকে অবিলম্বে মুক্তি দিয়ে এবং শিক্ষকদের দাবীদাওয়া মেনে নিয়ে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে এনে শান্তিপূর্ণ পরিবেশে মাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠানের বাবস্থা গ্রহণের দাবী জানিয়েছেন।

মহিলা পরিষদের সভানেত্রী সুফিয়া কামাল ও সাধারণ সম্পাদিকা বানেছা বেগম এক বিবৃতিতে বর্ধমান শিক্ষকদের সাথে একাত্মতা ঘোষণা করে তাদের নেতৃবৃন্দের মুক্তি প্রদান ও দাবীদাওয়া মেনেনেয়ার আহ্বান জানিয়েছেন। তারা বলেন, জরুরী ভিত্তিতে একটি সমঝোতা হওয়া প্রয়োজন।

প্রবিক-কর্মচারী ঐক্য পরিষদের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এক বিবৃতিতে অবিলম্বে প্রেফতারকৃত শিক্ষক নেতৃবৃন্দের নিঃশর্ত মুক্তি ও আলোচনার মাধ্যমে তাদের দাবীসমূহ মেনে নিয়ে শিক্ষাঙ্গনের অচলাবস্থা নিরসনের জন্য তারা দাবী জানিয়েছেন।

বেসরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি বীর আবদুল বাতেন ও সাধারণ সম্পাদক জনাব বঃ মতিউর রহমান এক বিবৃতিতে প্রেফতারকৃত ধর্মঘটী শিক্ষকদের অবিলম্বে মুক্তি দেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে যে প্রেফতারকৃত শিক্ষকদের মুক্তি এবং শিক্ষাঙ্গনের অচলাবস্থা নিরসনের জন্য তারা দাবী জানিয়েছেন।

(১ম পাতার পর)

শ্চয়তা সৃষ্টি হয়েছে। সকল অভিভাবক শিক্ষকদের মুক্তি এবং শিক্ষকদের দাবী-দাওয়া অবিলম্বে পূরণের জন্য সমিতি তোর থেকে জানিয়েছে। সমিতির মতে দেশে শিক্ষাব্যবস্থা উন্নতির জন্য সমগ্র শিক্ষাব্যবস্থা সরকারী খাতে আনা অপরিহার্য।

সমিতি গত ২রা মার্চ ইন্টার্ন উইথন অব ইউনিয়ান প্রাঙ্গণে ছাত্রদের শান্তিপূর্ণ মিছিলের উপর বিনা উস্কানিতে পুলিশী আক্রমণের নিন্দা জানিয়ে প্রেফতারকৃত ছাত্রদের অবিলম্বে মুক্তির দাবী জানিয়েছে।

ঈশ্বরদী

ঈশ্বরদী থেকে গতকাল জেলা বার্তা পরিবেশক জানান, গতকাল সোমবার মাধ্যমিক স্কুলের ধর্মঘটী শিক্ষকরা সিরাজগঞ্জের বিভিন্ন উপজেলার বিক্ষোভ মিছিল ও ইউএনও অফিসের সামনে অবস্থান ধর্মঘট করে। ধর্মঘটী শিক্ষকদের সমর্থনে গতকাল কয়েকশ' মাধ্যমিক পরীক্ষার্থীও উল্লাপাড়ার ইউএনও অফিসের সামনে বিক্ষোভ দেখান।

গতকাল সিরাজগঞ্জ জেলার কোণাড় প্রবেশপত্র বিতরণ করা হয়নি। তবে ইউএনওদের কাছে প্রবেশপত্র পাঠানো হয়েছে।

আজ মঙ্গলবার ধর্মঘটী শিক্ষকরা জেলা প্রশাসকের অফিস ঘেরাওয়ের কর্মসূচী ঘোষণা করেছেন।

গিরান্দুরর

গিরান্দুর্পুর থেকে নিম্নস্থ সংবাদদাতা জেলে জানিয়েছেন, বেসরকারী মাধ্যমিক শিক্ষকদের ধাবী আদায়ের জন্য ধর্মঘটী শিক্ষকরা গতকাল বিশালপুর শহরে এক বিরাট বিক্ষোভ মিছিল বের করেন।

জেলার ১০টি উপজেলা থেকে আগত ৩ হাজার শিক্ষকের প্রায় এক মাইল দীর্ঘ মিছিলটি শহরের বেশ কয়েকটি সড়ক প্রদক্ষিণ করে। মিছিলকারীরা জেলা প্রশাসকের কার্যালয়ের সামনেও এক ঘন্টা অবস্থান করেন এবং জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি প্রদান করেন।

মিছিলশেষে দিনাজপুর একাডেমী স্কুলে দিনাজপুর জেলা শিক্ষক সমিতির গণ-সভাপতি জনাব আবদাল আলীর সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা প্রেফতারকৃত শিক্ষকদের মুক্তির দাবী করেন।

অপরদিকে স্থানীয় ছাত্র সংগ্রাম পরিষদের ধর্মঘটী শিক্ষকদের সমর্থনে একটি মিছিল বের করে।

নীলফামারী

নীলফামারী থেকে আমাদের জেলা বার্তা পরিবেশক জানান, সকাল, ডিমলা ও জোমার উপজেলার শিক্ষকদের সাথে নীলফামারী ও সৈয়দপুরের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণ গতকাল বার তাদের দু'দফা দাবীর সমর্থনে মিছিল বের করেন।

কাছাড়

বগুড়ার কাছাড় থেকে আমাদের সংবাদদাতা জানান, শিক্ষক প্রেফতারের প্রতিবাদে সকল উপজেলা শিক্ষক সমিতি গত রোববার স্থানীয় ইয়াকুব বিহারী বালিকা বিদ্যালয়ে জমায়েতশেষে এক বিক্ষোভ মিছিল বের করে।

সিংগেট

সিংগেট থেকে জেলা বার্তা পরিবেশক জানান, ধর্মঘটী মাধ্যমিক শিক্ষকরা গতকাল সোমবার দুপুরে সিংগেটস্থ জেলা প্রশাসকের অফিস ঘেরাও করেন এবং জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ করেন। পরে জেলা প্রশাসকের অফিসের বারান্দায় জেলা শিক্ষক সমিতির সভাপতি জনাব আবদুল কাদিরের সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

ডিসির অফিস তছনছ

(১ম পাতার পর)

লয়ের প্রশাসনিক ভবনে গিয়ে ভাঙচুর করে। গতাল ১১টার দিকে এই ঘটনা ঘটার পর প্রশাসনিক ভবনের কাজকর্ম বাতী সবকেছু স্থগিত হয়ে যায়। উল্লেখিত পরীক্ষাটিতে কয়েকটি নোটিশ বোর্ড এবং কর্মকর্তাদের কয়েকটি নামফলকসহ ক্ষতি সাধন করে। বিশ্ববিদ্যালয়ের ২০/২৫ জন শিক্ষক ও কর্মকর্তা পরে তাদের নিন্দা করেন। কলা অনুষদের ডীন এবংপর পরীক্ষার্থীদেরকে জানান যে, পরীক্ষার ব্যাপারে আজ পরবর্তী সিদ্ধান্ত জানানো হবে।

এ ব্যাপারে পরীক্ষা নিয়ন্ত্রকের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, পরীক্ষা স্থগিত রাখার সিদ্ধান্তটি তিনিই নিয়েছে এবং এর কারণ কি তা তিনি জানেন না। উল্লেখ্য, এখান থেকে পরীক্ষার্থীদের চতুর্থ বারের মত পিছিয়ে দেয়া হলো।

গ্রেফতারকৃত শিক্ষক

(১ম পাতার পর)

একটি সূত্রে জানা গেছে যে, উক্ত আটকাদেশের কপি বিকেলে দেয়া হয়েছে।

দু'দফা দাবী আদায়ের আন্দোলন করতে গিয়ে গত শুক্রবার ও শনিবার উক্ত ২৬ জন শিক্ষক-শিক্ষিকা গ্রেফতার হন। তাঁরা বর্তমানে ঢাকা কেন্দ্রীয় কারাগারে আছেন।

এসএসসি পরীক্ষার জন্য

(১ম পাতার পর)

কক্ষ খুলছে। ইতিমধ্যে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় সার্কুলার দেশের সর্বত্র পৌঁছানো কেন্দ্রসমূহে পাঠানো হয়েছে।

পরীক্ষা কেন্দ্রসমূহের রুটিন মাফিক পরিদর্শনকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যা বোর্ডের পরিদর্শক দল ছাড়াও পরীক্ষা তদারকিতে যেসব প্রশাসনিক সাহায্য করা ও যোগাযোগ রক্ষার জন্য জেলাসমূহে ৬৩ জন সরকারী কর্মকর্তাকে নিয়োগ করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে এই কাজেরে অবহিত করা হয়েছে এবং তাঁরা ৫ই মার্চ নাগাদ জেলা প্রশাসনে যোগ দেবেন।

জেলাসমূহে জেলা শিক্ষা কর্মকর্তাদের চাকরি জেলা প্রশাসকের হাতে ন্যস্ত করা হয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা নিশ্চিত করার জন্য জেলা প্রশাসকেরকে ইতিমধ্যেই প্রয়োজনবোধে যেকোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা দেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।

ঋণ পরিশোধের নোটিশ

(১ম পাতার পর)

অসংখ্যকারীদের দেখতে যান। তাঁরা অসমসময়ীদের নিবিড়ভাবে আশ্বাস দেন যে, তাদের বিরুদ্ধে আর কোন ব্যবস্থা নেয়া হবে না। এ রিপোর্ট লেখা পর্যন্ত অনশন অব্যাহত ছিল।

সমিতি ফেনী জেলা শাখার উদ্যোগে গতকাল সোমবার শহরে সমাবেশ অনুষ্ঠিত হয়। জেলা শিক্ষক সমিতির সভাপতি জনাব বুরহানীর আহবানে সভাপতিত্বে সমাবেশে ১৫ দল, ৭ দলগত ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। সমাবেশে আগামীকাল বুধবার ফেনীতে ছাত্র-শিক্ষক পরিষদ্বারাহত ও বিক্ষোভ মিছিলের সিদ্ধান্ত নেয়া হয়। সমাবেশশেষে শহরে একটি মিছিল বের করা হয়।

যশোর

যশোর থেকে জেলা বার্তা পরিবেশক জানান, ধর্মঘটী শিক্ষকদের সমর্থনে গতকাল সোমবার যশোরের স্কুল ছাত্র-ছাত্রীরা একটি মিছিল বের করে। মিছিলশেষে একটি সমাবেশ অনুষ্ঠিত হয় এবং জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করা হয়।

চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, শিক্ষক সমিতি সভানায়ক আজ মঙ্গলবার বেলা ১২টা থেকে ৪টা পর্যন্ত বিভাগীয় কমিশনার এবং বেলা প্রশাসকের দপ্তর অবস্থান ধর্মঘট করবেন।

গতকাল সোমবার এক সাংবাদিক সম্মেলনে বেলা বিমানবেলে নেতৃবৃন্দ ও ছাত্র সংগ্রাম পরিষদ সমর্থন জানিয়েছে।

এদিকে শিক্ষকদের অবস্থান ধর্মঘটের প্রতি সংহতি জানিয়ে বীর মুক্তিযোদ্ধা, ব্যাংক কর্মচারী কেন্দ্রীয়সংগঠন, আইনজীবী সমিতিও ছাত্র সংগ্রাম পরিষদ সমর্থন জানিয়েছে।